

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৪

ধর্মনগর, ৬ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

**মুখ্য নির্বাচনী আধিকারিকের সভাপতিত্বে ধর্মনগরে সভা**

আসন্ন লোকসভা নির্বাচনে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) আসন্নের অন্তর্গত উক্তর ত্রিপুরা জেলায় নির্বাচনী প্রস্তুতি নিয়ে আজ ধর্মনগরের বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে মুখ্য নির্বাচনী আধিকারিক (সিইও) পুনিত আগরওয়াল এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। নির্বাচন অবাধ, সুষ্ঠ ও শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন করার উপর সভায় গুরুত্ব আরোপ করেন মুখ্য নির্বাচনী আধিকারিক। পাশাপাশি নির্বাচনের গাইডলাইন যথাযথভাবে অনুসরণ করার জন্য দায়িত্বপ্রাপ্ত সকলের প্রতি তিনি আহ্বান জানান। স্ট্যাটিক সার্ভেলেন্স টিম, ফ্লাইৎ স্কোয়াড টিম ও প্রতিটি নাকা পয়েন্টে নজরদারি বাড়ানোর উপর তিনি গুরুত্ব আরোপ করেন। যে সমস্ত ভোট কেন্দ্রে ১২০০ বা ১৩০০ জন ভোটার বা তার বেশী ভোটার রয়েছেন সেই ভোট কেন্দ্রগুলির জন্য বিশেষ ব্যবস্থা যেমন, সন্ধ্যার পরেও প্রয়োজনে ভোটগ্রহণ করতে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে তিনি নির্দেশ দেন। স্পর্শকাতর ভোট কেন্দ্রগুলিতে নিরাপত্তা ব্যবস্থা বাড়ানোর জন্যও তিনি নির্দেশ দেন।

এদিনের সভায় জেলাশাসক ও সমাহৃতা তথা জেলা নির্বাচন আধিকারিক দেবপ্রিয় বর্ধন জানান, জেলায় ৩৭২টি ভোটকেন্দ্রের মধ্যে ১৫৮টি স্পর্শকাতর ভোট কেন্দ্র রয়েছে। ঐ সকল এলাকায় সিএপিএফ এর এরিয়া ডমিনেশন, ফ্ল্যাগমার্চ, নাইট পেট্রোলিং ইত্যাদি নিরাপত্তামূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। জেলাশাসক জানান, নির্বাচনকে শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে জেলায় সব ধরণের প্রস্তুতি নেওয়া হয়েছে। এদিনের সভায় রাজ্য পুলিশের নোডাল অফিসার জি এস রাও, সিআরপিএফ-র ডিআইজি কর্মা ভুটিয়া, জেলার এসপি ভানুপদ চক্রবর্তী, জেলার সকল এতারও, জেলা নির্বাচনী কাজের দায়িত্বপ্রাপ্ত বিভিন্ন নোডাল অফিসার, সেক্টর অফিসারগণ উপস্থিত ছিলেন। এছাড়াও এদিন ধর্মনগরের বিবিআই মাঠে সিস্টেমেটিক ভোটার এডুকেশন এন্ড ইলেক্ট্রোলাল পার্টিসিপেশনের অঙ্গ হিসাবে এক প্রীতি ফুটবল ম্যাচের আয়োজন করা হয়। এই ফুটবল ম্যাচের আনুষ্ঠানিক উদ্বোধন করেন মুখ্য নির্বাচনী আধিকারিক পুনীত আগরওয়াল।

\*\*\*\*\*